

৯৪০
২৪/১২/২০

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত পত্র)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
ময়মনসিংহ বন বিভাগ।



পত্র নং- ২২.০১.০০০০.৬২৪.৪০.০০১.২০- ৭১২২

তারিখ- ০২/১২/২০২০খ্রি:

প্রাপক : উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা

AP প্রতিষ্ঠান
ওয়েবসাইট জেনারেটর দিন শিফট।
২৪/১২/২০

ও

সভাপতি

বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার সংক্রান্ত
উপজেলা কমিটি জেলা।

বিষয় : বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২০ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, সরকার কর্তৃক প্রতি বছরের ন্যায্য এ বছরও “বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২০” প্রদান করা হইবে। সেই প্রেক্ষিতে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলাসমূহের আর্থহী ব্যক্তি, বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান/সংস্থার নিকট হইতে “বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২০” প্রদানের জন্য ১০টি শ্রেণীতে আবেদনপত্র আহ্বান করে ইতোমধ্যে বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। যাহা ২৯/১১/২০২০ইং তারিখের দৈনিক কালেরকণ্ঠ, দৈনিক The Daily Sun, ঢাকা জাতীয় এবং দৈনিক আজকের ময়মনসিংহ স্থানীয় পত্রিকায় প্রকাশিত হইয়াছে (কপি সংযুক্ত)। এতদসংক্রান্ত আবেদনপত্রের নির্ধারিত ফরম বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ, সংশ্লিষ্ট জেলার সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয় এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র এবং উপজেলা বনায়ন কেন্দ্র হইতে সংগ্রহ করা যাইবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করত: আপনার কার্যালয়, সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয় এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্রের কার্যালয়ে আগামী ১৫/১২/২০২০খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করিতে হইবে। প্রয়োজনে আবেদন সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয় এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের কার্যালয় হইতে জানিতে পারা যাইবে।

পুরস্কারের শ্রেণী = ১০ টি (ক) প্রাথমিক বিদ্যালয়/ উচ্চ বিদ্যালয়/ এবতেদায়ী মাদ্রাসা/ সিনিয়র মাদ্রাসা, (খ) কলেজ/ বিশ্ববিদ্যালয়, (গ) ইউনিয়ন পরিষদ/ উপজেলা পরিষদ/ জেলা পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন (ঘ) অধিদপ্তর/ পরিদপ্তর/ সেক্টর কর্পোরেশন/ প্রতিষ্ঠান (ঙ) এন,জি,ও/ ক্লাব/ স্বেচ্ছাসেবী সংস্থা (চ) ব্যক্তি পর্যায়ে বৃক্ষরোপণ (ছ) ব্যক্তি মালিকানাধীন নার্সারী, (জ) বাড়ীর ছাদে বাগান সৃজন (ঝ) বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান এবং (ঞ) বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবন।

এমতাবস্থায়, বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২০ এর বিষয়টি অধীক্ষেত্রে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং স্থানীয় উপজেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আবেদন সমূহ নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই ও মূল্যায়ন করত: জেলা কমিটিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ বন বিভাগকে সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

বিষয়টি অতীব জরুরী ও জনগুরুত্বপূর্ণ।

০২/১২/২০
২০
(এ.কে.এম রুহুল আমিন)
বিভাগীয় বন কর্মকর্তা
ময়মনসিংহ বন বিভাগ।
তারিখ- /১২/২০২০খ্রি:

পত্র নং- ২২.০১.০০০০.৬২৪.৪০.০০১.২০-

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২০ সংক্রান্ত জেলা কমিটি, ময়মনসিংহ/জামালপুর/শেরপুর/ নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলা।
- ২। সকল সহকারী বন সংরক্ষক, ময়মনসিংহ বন বিভাগ। তাহাদিগকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সহিত যোগাযোগপূর্বক এতদসংক্রান্ত নীতিমালা অনুযায়ী জেলা কমিটির সকল কার্যক্রম সম্পন্ন করত: স্বয়ং সম্পূর্ণ প্রতিবেদন অত্র দপ্তরে (সংশ্লিষ্ট কাগজপত্রসহ) প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৩। সকল রেঞ্জ কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, এসএফএনটিসি, ময়মনসিংহ বন বিভাগ। তাহাদিগকে ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের সহিত যোগাযোগ করত: উপজেলা কমিটির কার্যক্রম সম্পাদনপূর্বক স্বয়ং সম্পূর্ণ প্রতিবেদন (সকল কাগজপত্রসহ) জেলা কমিটিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হইল।

০২/১২/২০
(এ.কে.এম রুহুল আমিন)
বিভাগীয় বন কর্মকর্তা
ময়মনসিংহ বন বিভাগ।